গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ
গাজীপুর।

তারিখ ঃ /০৯/২০১৯ খ্রি.

www.bbagc.edu.bd

৩য় বর্ষ অনার্স পরীক্ষা-২০১৯ এর ফরম পূরণের বিজ্ঞপ্তি

ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের ২০১৬-১৭ শিক্ষাবর্ষে অধ্যয়নরত ২০১৯ সালের ৩য় বর্ষ অনার্স শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, তাদের ১২ মাসের বেতন, সেশন চার্জ ও পরীক্ষা ফিস ধার্যকৃত টাকা কলেজে ক্যাশ কাউন্টার থেকে রশিদ সংগ্রহ করে পূরণ পূর্বক ক্যাশিয়ারের স্বাক্ষরসহ উত্তরা ব্যাংক, চৌরাস্তা শাখায় জমা দিয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.nu.edu.bd অথবা www.nubd.info/Honours থেকে ফরম ডাউনলোড করে টাকা জমার রশিদ স্ব-স্ব বিভাগে প্রদর্শন পূর্বক ফরম যাচাই বাছাই করে নির্দিষ্ট বিভাগে জমার জন্য নির্দেশ দেওয়া হলো।

ফরম পূরনের তারিখ আগামী ২২/০৯/২০১৯ থেকে ৩০/০৯/২০১৯ পর্যন্ত। (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ১০.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত।

উল্লেখ্য যে, নির্ধারিত তারিখের পর বিলম্ব ফি দিয়ে ফরম পূরণের কোন সুযোগ নেই।

ফরম পূরণে ধার্যকৃত টাকার পরিমাণ নিম্নরূপ :

ক্র নং	বিভাগের নাম	ফিসের পরিমাণ	ফরম সংগ্রহ ও জমাদানের তারিখ
ক	পদার্থবিদ্যা, গণিত ও প্রাণিবিদ্যা	২৪৫০/-	২২/০৯/২০১৯ থেকে ২৩/০৯/২০১৯
খ	রসায়ন ও উদ্ভিদবিদ্যা	২৭৮০/-	
গ	বাংলা, সমাজকর্ম, সমাজবিজ্ঞান, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা ও দর্শন	২২০০/-	২৪/০৯/২০১৯ থেকে ২৬/০৯/২০১৯
ঘ	ইংরেজি, ইস. ইতিহাস, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, ফিন্যান্স ও মার্কেটিং	২২০০/-	২৯/০৯/২০১৯ থেকে ৩০/০৯/২০১৯
ঙ	গ্রেড উন্নয়ন/মানউন্নয়ন সকল বিভাগ	১০০০/- (নির্ধারিত)	পরবর্তী প্রতি পত্রে জন্য ২০০/- টাকা করে যোগ করতে হবে।

বিঃদ্রঃ (১) সেশন চার্জ ছাত্র-ছাত্রী ইংরেজি, ইস. ইতিহাস, দর্শন, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা =২০৫৯/- টাকা (২) পদার্থবিদ্যা, রসায়ন, উদ্ভিদ, প্রাণী ও গণিত =২১০৯/- টাকা।

২। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

ক) নিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী শুধুমাত্র ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থীরা যারা ২০১৮ সালের ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে এবং তৃতীয় বর্ষের শিক্ষাক্রম সম্পন্ন করেছে তাদের ডাটা ওয়েবসাইট-এ দেয়া আছে কেবল মাত্র সে সকল শিক্ষার্থীরা ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করবে।

খ) অনিয়মিত: ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে প্রণীত সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে ২য় বর্ষ অনার্স পরীক্ষায় প্রমোটেড বা উত্তীর্ণ হয়ে তৃতীয় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু ২০১৭ ও ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে প্রমোটেড বা উত্তীর্ণ হয়নি, সে সকল শিক্ষার্থী ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে তাদের অনুত্তীর্ণ কোর্সসমূহে অংশগ্রহণ করবে।

গ) গ্রেড উন্নয়ন: জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী যে সকল শিক্ষার্থী ইতোপূর্বে তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে উত্তীর্ণ/ প্রমোটেড হয়েছে কিন্তু তারা যে সকল কোর্সে F গ্রেড প্রাপ্ত হয়েছে বা কোন একটি পত্রে অনুপস্থিত রয়েছে তাদের সে সকল কোর্সের পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ ছাড়াও ২০১৮ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় যারা C বা D গ্রেড পেয়েছে তারা ঐ সকল কোর্সে ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় গ্রেড উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করতে পারবে। এক্ষেত্রে একজন পরীক্ষার্থী সর্বোচ্চ দুইটি কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে। তবে কোন পরীক্ষার্থী একটি কোর্সে একবারের বেশি গ্রেড উন্নীতকরণের সুযোগ পাবে না। কোন শিক্ষার্থী যদি গ্রেড উন্নীত করতে ব্যর্থ হয় তাহলে ঐ কোর্সে তাঁর পূর্বের গ্রেড বহাল থাকবে।

৩। অনার্স পাঠ্যসূচী (Syllabus) :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রণীত ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর সিলেবাস এবং রেগুলেশন অনুযায়ী ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০১৫-২০১৬ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন সকল শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

খ) তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের নূন্যতম যোগ্যতা :

- তৃতীয় বর্ষ থেকে চতুর্থ বর্ষে প্রমোশনের জন্য শিক্ষার্থীকে সকল পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। সকল বিষয়ে অংশগ্রহণ করে **কমপক্ষে চারটি তত্ত্বীয় কোর্সে D বা এর বেশি গ্রেড অর্জন করতে হবে** তৎসঙ্গে ব্যবহারিক কোর্সে উত্তীর্ণ হতে হবে।
- ০১ টি কোর্সে অনুপস্থিত থেকে অন্যান্য সকল কোর্সে D গ্রেড বা এর বেশি গ্রেড পেলে তার ফলাফল Conditional promoted হবে। এরূপ শিক্ষার্থীরা ২০১৯ সালের তৃতীয় বর্ষ অনার্স পরীক্ষায় উক্ত অনুপস্থিত কোর্সে অবশ্যই অংশগ্রহণ করতে হবে।
- একের অধিক কোর্সে অনুপস্থিত হলে অথবা একটি কোর্সে অনুপস্থিত থেকে অন্য একটি কোর্সে F গ্রেড পেলে Promotion হবে না, তার ফলাফল Not promoted হবে।
- Promoted /Not promoted প্রাপ্ত শিক্ষার্থীরা পরবর্তী বছর অনুপস্থিত পত্র ও F গ্রেড পাওয়া কোর্সে/কোর্সসমূহে পরীক্ষা দেবে এবং একই সাথে C এবং D গ্রেড প্রাপ্ত (সর্বোচ্চ দু'টি) কোর্সে গ্রেড উন্নয়ন পরীক্ষা দিতে পারবে।
- সংশোধিত পরীক্ষা রেগুলেশন অনুযায়ী একজন পরীক্ষার্থী F গ্রেড পাওয়া কোর্স/কোর্সসমূহ উচ্চতর গ্রেডে উন্নয়নের জন্য রেজিস্ট্রেশন মেয়াদে (শুরু থেকে সাত শিক্ষাবর্ষের মধ্যে) অবশ্যই D বা উচ্চতর গ্রেডে উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে সে ক্ষেত্রে গ্রেড উন্নয়নের সুযোগ থাকবে না। F গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমুহে পরবর্তীতে পরীক্ষার মাধ্যমে উন্নীত করার ক্ষেত্রে ফলাফল যাই হোক না কেন একজন পরীক্ষার্থী সর্বোচ্চ B+ গ্রেড এর বেশি প্রাপ্ত হবে না।
- ইন-কোর্স ও ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নীত করণের কোন সুযোগ নাই।

অধ্যক্ষ
ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ, গাজীপুর।